

বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকান্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন - জুলাই ২০২৩

১। **সর্বমোট অর্জন।** জুলাই ২০২৩ মাসে ৩,১৯৭টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ১৯৭,৮৬,৫১,৫১১/০০ (টাকা একশত সাতানব্বই কোটি ছিয়াশি লক্ষ একান্ন হাজার পঁচাত্তর এগার মাত্র) অর্থমূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। **চোরাচালান বিরোধী অভিযান।** জুলাই ২০২৩ মাসে চোরাচালান অভিযানে মোট ০২ কোটি ০২ লক্ষ ৬৯ হাজার ১১ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত ০৩টি স্বর্ণের বার



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত বার্মিজ লুশি, টু পিস, শার্ট

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** জুলাই ২০২৩ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট টাকা ১৯৫,৪৮,৭৫,৫০০/০০ (টাকা একশত পঁচাত্তর কোটি আটচল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার পঁচাত্তর মাত্র) অর্থমূল্যের মধ্যে ২,৯৪,৮৩,৮০০ মিটার কারেন্ট জাল, ৫২,৫০৯টি বেহন্দি/মশারি জাল, ১,১১,৫১,৪০০ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ২,৮১০ কেজি জাটকা, ৪২,১০,৫০৯ পিস চিংড়ি/ফাইসা পোনা, ১৩,৫৪০ কেজি জেলি পুশকৃত চিংড়ি এবং ৩০৫টি বোট আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন (স্টেশন আউটপোস্ট চরমানিকা) কর্তৃক আটককৃত কারেন্ট জাল



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত জেলি পুশকৃত চিংড়ি



দক্ষিণ জোন (আউটপোস্ট চরমানিকা) কর্তৃক আটককৃত মশারী জাল



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত জেলি পুশকৃত চিংড়ি

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** জুলাই ২০২৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ১,১৭,৮০২ পিস ইয়াবা, ২,১৯৯ ক্যান/বোতল বিয়ার, ১৯৩ ক্যান হইস্কি, ০১ বোতল দেশি/বিদেশি মদ এবং ৪১ কেজি ৭৬০ গ্রাম গাঁজা আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত বিয়ার



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত ইয়াবা



ঢাকা জোন (স্টেশন চাঁদপুর) কর্তৃক আটককৃত গাঁজা



ঢাকা জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত বিয়ার

৫। **বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান।** জুলাই ২০২৩ মাসে বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে ৫০০ ঘনফুট কাঠ ও ০৭ কেজি হরিণের মাংস আটক করা হয় এবং আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।




পশ্চিম জোন (স্টেশন নলিয়ান) কর্তৃক আটককৃত হরিণের মাংস



পূর্ব জোন (বেইস চট্টগ্রাম) কর্তৃক আটককৃত বিভিন্ন প্রকার কাঠ

৬। **উদ্ধার অভিযান।** জুলাই ২০২৩ মাসে উদ্ধার অভিযান পরিচালনা করে ৪৩ জন জীবিত যাত্রী/ক্রু, ৪৭ জন জীবিত জেলে, ০৮ জন মৃতদেহ এবং ০৬টি বোট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ব্যক্তিদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজিএস সবুজ বাংলা) কর্তৃক সাগরে ডাসমান উদ্ধারকৃত জেলে



পূর্ব জোন (বিসিজি স্টেশন সন্দ্বীপ) কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ

৭। **ডাকাত/বনদস্যুতা দমন, অবৈধ অস্ত্র ও রামদা এবং বাংলা দা উদ্ধার।** জুলাই ২০২৩ মাসে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা করে ৩৩ জন ডাকাত/বনদস্যু/মাদক ব্যবসায়ী অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তিদের আটক করা হয়। আটককৃত ব্যক্তিদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।